উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

কর্ণফুলী উপজেলা পরিষদের জুলাই,২০২১ মাসের সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি	:	জনাব ফারুক চৌধুরী চেয়ারম্যান উপজেলা পরিষদ,কর্ণফুলী, চট্টগ্রাম
সভার তারিখ	:	১৮ জুলাই ২০২১
সভার সময়	:	সকাল ১১.৩০ ঘটিকা
সভার স্থান	:	উপজেলা সম্মেলন কক্ষ
উপস্থিতি	:	পরিশিষ্ট-“ক”
সভার সংখ্যা	:	৩০ তম

সভাপতি উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অদ্যকার সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার জনাব শাহিনা সুলতানাকে অনুরোধ জানান। অত:পর উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী বা আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র:নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় বলেন, আসন্ন ঈদুল আযহা উপলক্ষে কোরবানী পশুর হাটে বিভিন্ন এলাকা থেকে এসে লোকজনের সমাগম ঘটবে। এসময় করোনা ভাইরাসের সংক্রামণ বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে। নোভেল করোনা ভাইরাস প্রতিরোধে সামাজিক দূরত্ব বজায় রাখা, সাবান ও পানি দিয়ে ভালো করে হাত ধোয়া এবং স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য তিনি সকলকে অনুরোধ করেন। এ প্রসংগে উপজেলা নির্বাহী অফিসার, কর্ণফুলী সভায় বলেন, প্রত্যেক কোরবানী পশুর হাটে প্রবেশ পথ ও বাহির পথ আলাদাভাবে ব্যবস্থা রাখতে হবে। প্রবেশ পথে স্বাস্থ্য বিধি মেনে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা রাখার জন্য সংশ্লিষ্ট ইজারাদারগণকে এবং কোরবানী পশুর হাটে আইন-শৃঙ্খলা বিষয়ে তদারকী করার জন্য অফিসার ইনচার্জ, কর্ণফুলী থানাকে অনুরোধ করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে কোরবানী পশুর হাটে প্রবেশ পথ ও বাহির পথ আলাদাভাবে ব্যবস্থা রাখতে হবে। প্রবেশ পথে স্বাস্থ্য বিধি মেনে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা রেখে সামাজিক দূরত্ব ও স্বাস্থ্য বিধি মেনে চলার ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইজারাদারগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইজারাদার, সকল হাট-বাজার, কর্ণফুলী
০২	উপজেলা নির্বাহী অফিসার, কর্ণফুলী সভায় বলেন, আসন্ন ঈদ উল আযহা,২০২১ এ উন্মুক্ত রাস্তায় যত্রতত্র পশু কোরবানি রোধকল্পে নিম্নোক্ত বিষয়গুলো অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন ঃ ১। চেয়ারম্যান, জনপ্রতিনিধি, স্থানীয় নেতৃবৃন্দ ও গণ্যমান্য ব্যক্তিবর্গের সমন্বয়ে সভা আহবান করতে হবে। ২। প্রতিটি ওয়ার্ড ও ইউনিয়নে মাইকিং করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩। ইউনিয়ন পরিষদ নির্ধারিত স্থানে কোরবানি পশু জবেহ্ করার ব্যবস্থা করতে হবে। ৪। কোরবানি পশু বর্জ্য মাটিতে পুতে ফেলার ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৫। যে স্থানে কোরবানি পশু করা হবে তা পানি দিয়ে পরিস্কার করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সভায় বিস্তারিত আলোচনান্তে কোরবানী পশু জবেহ্ সংক্রান্ত উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রস্তাবিত বিষয়গুলো অনুসরণ ও তদারকি করার জন্য সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান (সকল) ইউ,পি

০৩	উপজেলা প্রকৌশলী সভায় বলেন যে, ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা পরিষদের অনুকূলে সরবরাহকৃত জীপ গাড়ী নং-চট্টমেট্রো-ঘ-১১-৩৮৪৪ এর জন্য ৪(চার)টি চাকা ক্রয়ের নিমিত্তে ৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয় এবং কোটেশন আহবানের মাধ্যমে নিউ জাহান টায়ার হাউজ, মুজিব রোড,আগ্রাবাদ, চট্টগ্রাম কর্তৃক দাখিলকৃত ৭১,০০০/-(একাত্তর হাজার) টাকার দর সর্বনিম্ন হওয়ায় ৪টি চাকা ক্রয় করা হয়েছে। উক্ত গাড়ীর চাকা ক্রয় ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে নির্বাহের বিধান রয়েছে। সুতরাং চাকা ক্রয়ে বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের অনুকূলে সরবরাহকৃত জীপ গাড়ী জন্য ক্রয়কৃত ৪(চার)টি চাকা ক্রয় বাবদ ৭১,০০০/-(একাত্তর হাজার) টাকার বিল বাবদ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কর্ণফুলী ২। উপজেলা নির্বাহী অফিসার, কর্ণফুলী, চট্টগ্রাম
০৪	উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও সভাপতি সভায় বলেন, কর্ণফুলী উপজেলার সহকারী কমিশনার (ভূমি) জনাব সুকান্ত সাহা সরকারি নিয়ম অনুযায়ী কর্ণফুলী উপজেলা থেকে কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলায় বদলী হয়। কর্ণফুলী উপজেলায় তাঁর প্রায় দেড় বৎসর করেছেন। তাঁর বিদায়লগ্নে কর্ণফুলী উপজেলা পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং তাঁর উজ্জ্বল ভবিষ্যৎ ও সুখশান্তি কামনা করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে সহকারী কমিশনার (ভূমি) জনাব সুকান্ত সাহা কর্ণফুলী উপজেলায় কর্মকালীন সময়ে দক্ষতার সাথে দায়িত্ব পালন করায় কর্ণফুলী উপজেলা পরিষদের পক্ষ থেকে তাঁর উজ্জ্বল ভবিষ্যৎ ও সুখশান্তি কামনা করে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।	

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকল বিভাগের কর্মকর্তাগণকে আন্তরিকতার সহিত বিভাগীয় কার্যক্রম গতিশীল রেখে নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করার জন্য অনুরোধ জানিয়ে উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ফারুক চৌধুরী
সভাপতি
উপজেলা মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কর্ণফুলী, চট্টগ্রাম

স্মারক নং-০৫.২০.১৫৩৯.০০.০৩.০০১.২০২০- ৬৫৭

তারিখঃ ০৩ শ্রাবণ ১৪২৮
১৮ জুলাই ২০২১

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৩। জেলা প্রশাসক,চট্টগ্রাম
৪। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কর্ণফুলী, চট্টগ্রাম
৫। ভূমি মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা (মাননীয় ভূমি মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। সিনিয়র সহকারী সচিব,উপজেলা শাখা, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কর্ণফুলী,চট্টগ্রাম
৮। সহকারী কমিশনার(ভূমি), কর্ণফুলী, চট্টগ্রাম
৯। উপজেলা.. (সকল)অফিসার, কর্ণফুলী
১০। চেয়ারম্যান......................................(সকল)ইউনিয়ন পরিষদ,কর্ণফুলী
১১। ....

২১/০৭/২০২১

শাহিনা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
কর্ণফুলী, চট্টগ্রাম